

সুখবর, ষষ্ঠ থেকে স্নাতকের শিক্ষার্থীদের দেয়া হবে ১০-৫০ হাজার টাকা

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ১৯:১৭, ১৮ মে ২০২৪



ষষ্ঠ থেকে স্নাতক ও সমমান শ্রেণির শিক্ষার্থীদের এ টাকা দেওয়া হবে।

প্রধানমন্ত্রীর শিক্ষাসহায়তা ট্রাস্ট থেকে দুর্ঘটনায় গুরুতর আহত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের চিকিৎসা অনুদান হিসেবে এককালীন ১০ থেকে ৫০ হাজার টাকা পর্যন্ত চিকিৎসা অনুদান প্রদান করা হবে।

UNIBOTS



ষষ্ঠ থেকে স্নাতক ও সমমান শ্রেণির দুর্ঘটনায় গুরুতর আহত চিকিৎসাধীন শিক্ষার্থীরা ২০২৩-২৪ অর্থবছরের মে-জুন প্রান্তের আবেদন করতে পারবেন। অনলাইন আবেদন আগামী ২৪ জুন রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত চলবে।

প্রধানমন্ত্রীর শিক্ষাসহায়তা ট্রাস্টের বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, দুর্ঘটনায় গুরুতর আহত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের চিকিৎসা অনুদান হিসেবে এককালীন ১০ হাজার থেকে ৫০ হাজার টাকা পর্যন্ত চিকিৎসা অনুদান হিসেবে প্রদান করা হবে। আবেদনকারীদের মধ্য থেকে শিক্ষার্থী নির্বাচন করা হবে। শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ থেকে আদেশটি প্রকাশ করা হয়েছে।

দুর্ঘটনায় গুরুতর আহত চিকিৎসাধীন শিক্ষার্থীরা অনলাইনে তার চিকিৎসা মেয়াদে একবার চিকিৎসা অনুদানের জন্য আবেদন করতে পারবেন। দুর্ঘটনায় গুরুতর আহত ও হাসপাতালে চিকিৎসা গ্রহণের সময় বিজ্ঞপ্তি প্রকাশের অর্থবছর অথবা এক বছরের মধ্যে হতে হবে।

আবেদন করতে হবে:

শিক্ষার্থীদের <https://www.eservice.pmeat.gov.bd/medical/> এই লিংকে প্রবেশ করে অনলাইনে আবেদন করতে হবে। চিকিৎসা অনুদানের জন্য আবেদনের ক্ষেত্রে দুর্ঘটনা প্রমাণে জেলা পর্যায়ে সিভিল সার্জন, সরকারি হাসপাতালের চিকিৎসক, উপজেলা পর্যায়ে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কাছ থেকে গুরুতর আহতের সমর্থনে প্রত্যয়ন করা শিক্ষার্থীর চিকিৎসা সনদ, চিকিৎসা গ্রহণসংক্রান্ত প্রয়োজনীয় রিপোর্ট ও নির্ধারিত ফরমে শিক্ষাপ্রতিষ্ঠানের প্রত্যয়ন অনলাইনে আপলোড করতে হবে।

প্রয়োজনীয় যেসব কাগজপত্র জমা দিতে হবে:

১. ছবি
২. স্বাক্ষর
৩. জন্ম নিবন্ধন সনদ
৪. অভিভাবকের জাতীয় পরিচয়পত্র
৫. শিক্ষার্থী দরিদ্র পরিবারের সন্তান মর্মে শিক্ষা প্রতিষ্ঠানপ্রধানের সুপারিশ (নির্ধারিত ফর্মে)
৬. দুর্ঘটনার প্রমাণে জেলা পর্যায়ে সিভিল সার্জন/সরকারী হাসপাতালের ডাক্তার/উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার সুপারিশ (নির্ধারিত ফর্মে)
৭. পিতা মাতা/অভিভাবকের কর্মরত প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়ন পত্র (প্রজাতন্ত্রের বেসামরিক কর্মে নিয়োজিত ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীর সন্তানগণের ক্ষেত্রে প্রযোজ্য)

চিকিৎসা অনুদানের প্রাপ্তির সময়সীমা: আবেদনের প্রাপ্তির ০৩-০৪ মাস পর অর্থ প্রেরণ করা হয়।

শিক্ষার্থী চিকিৎসা অনুদানের জন্য নির্বাচিত হলে তার মোবাইলে এসএমএস-এর মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।